

সাড়ে তিন কোটি ছাত্রছাত্রীর ভবিষ্যতের ক্ষতি করবেন না: শিক্ষামন্ত্রী

নিজস্ব বাজেট পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নহিদ বলেছেন, জাতির ভবিষ্যৎ প্রজন্মের ভর্তি করে কোন দেশ আগাতে পারে না। তিনি জেএসসি-প্রাথমিক শিক্ষা সমাপনীসহ দেশের সাড়ে তিন কোটি ছাত্রছাত্রীর পরীক্ষা ও পরীক্ষা-পূর্ববর্তী প্রস্তুতি বিঘ্ন করে, কোন অপরিণামজনক রাজনৈতিক কর্মসূচি না দেয়ার জন্য সব রাজনৈতিক দলের প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছেন।

শিক্ষামন্ত্রী পতঞ্জলী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ৮ম প্রতিষ্ঠাবার্ষিকী এবং শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ আহ্বান জানান। ঢাবির উপাচার্য অধ্যাপক ড. মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক সেলিম তুইয়া প্রমুখ বক্তৃতা করেন। শিক্ষামন্ত্রী আরও বলেন, আগামী ৪ নভেম্বর থেকে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি), ২১ নভেম্বর থেকে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, নভেম্বর-ডিসেম্বরে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের বার্ষিক পরীক্ষা ও বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তার আগে চলে পরীক্ষার প্রস্তুতি। তিনি বলেন, প্রায় ৩১ লাখ ছাত্রছাত্রী

প্রাথমিক শিক্ষা সমাপনী ও ২১ লাখ ছাত্রছাত্রী জেএসসি-জেডসি পরীক্ষা দেবে। জীবনের প্রথম দুটি পারদর্শিত পরীক্ষায় জেলায়, জাপ, আওল-জীতি ও অনিচ্ছুরতা সৃষ্টি হলে দেশের কৃষিক্ষেত্র ও রাজনীতিবিদদের প্রতি ঘৃণা জন্মাবে। মন্ত্রী বলেন, গত ফেব্রুয়ারিতে এসএসসি এবং এপ্রিলে এইচএসসি পরীক্ষাকালীন হরতালসহ অসংখ্যক কর্মসূচির কারণে বহু পরীক্ষার্থীর জীবনের অনেক ক্ষতি হয়েছে। অনেকের চুল কাটাও হয়েছে। নতুন প্রজন্মের জীবন গড়া নিয়ে এভাবে সর্বনাশের বেলা ঠিক নয় মন্তব্য করে তিনি বলেন, দোহাই আপনাদের ছেলেমেয়েদের ভবিষ্যতের আর ক্ষতি করবেন না।

প্রসঙ্গত, দেশের পুরনো ঐতিহ্যবাহী এ শিক্ষা প্রতিষ্ঠানে ২০তলা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল নির্মাণের প্রাকল্পিত ব্যয় ধরা হয়েছে ৩৩ কোটি ৪০ লাখ টাকা। এছাড়াও বর্তমান সরকারের সময়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ৬তলা ভিত্তিবিহীন মোতলা ইউটিলিটি সার্ভিস সেন্টারের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ, ৬তলা ভিত্তিবিহীন একতলা ডরমেটরি ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ, ২০তলা ভিত্তিবিহীন ৭তলা একতরফিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজসহ উন্নয়ন কর্মসূচিতে মোট প্রায় একশ কোটি টাকার কাজ চলছে।